# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৭৬. বিনা প্রয়োজনে প্রশাসকদের নিকটবর্তী হওয়া

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

مَنْ بَدَا جَفَا ، وَمَنِ اتَّبَعَ الصَّيْدَ غَفَلَ ، وَمَنْ أَتَى أَبْوَابَ السُّلْطَانِ افْتَتَنَ ، وَمَا ازْدَادَ أَحَدٌ مِنَ السُّلْطَانِ قُرْبًا إِلاَّ ازْدَادَ مِنَ اللهِ بُعْدًا

“যে ব্যক্তি মরুভূমিতে অবস্থান করে তার অন্তর ধীরে ধীরে কঠিন হয়ে যায়। আর যে ব্যক্তি কোন শিকারের পিছু নেয় সে অন্য ব্যাপারে গাফিল হয়ে যায়। তেমনিভাবে যে ব্যক্তি প্রশাসকের দ্বারস্থ হয় সে ফিতনায় পড়ে। মূলতঃ যে ব্যক্তি যতো বেশি প্রশাসকের নিকটবর্তী হবে সে ততো বেশি আল্লাহ্ তা’আলা থেকে দূরে সরে যাবে’’।[1]

’আমর বিন্ সুফ্‌ইয়ান (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِيَّاكُمْ وَأَبْوَابَ السُّلْطَانِ ؛ فَإِنَّهُ قَدْ أَصْبَحَ صَعْبًا هُبُوْطًا

“তোমরা প্রশাসকদের দরজা থেকে দূরে থাকো। কারণ, তা কঠিন ও লাঞ্ছনাকর’’।[2]

>

ফুটনোট

[1] (আহমাদ, হাদীস ৮৮২৩, ৯৬৮১ বায়হাক্বী, হাদীস ২০০৪২)

[2] (আস্-সিলসিলাতুস্-স্বা’হী’হাহ্, হাদীস ১২৫৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11426

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন